দৈনিক ইত্তেফাক

2 FEB 2017

# ঈশ্বরদী সরকারি কলেজের জমি হস্তান্তরের ঘটনায় মামলা

ঈশ্বরদী (পাবনা) সংবাদদাতা

হাইকোর্টের নির্দেশে ঈশ্বরদী সরকারি কলেজের দখলে থাকা জমি ব্যক্তি মালিকদের দখল বুঝিয়ে দেওয়ার ঘটনায় ঈশ্বরদী সরকারি কলেজের অধ্যক্ষ শেখ আনোয়ার হোসেন বাদী হয়ে এই সম্পত্তি কলেজের প্রপার্টি দাবি করে পাবনা দেওয়ানী আদালতে মামলা দায়ের করেছে। গতকাল বুধবার আদালতে এই বিষয়ে শুনানীর পর বিজ্ঞ আদালত মামলার বিবাদী জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) কে আদালত ১০ দিনের কারণ দর্শানোর জন্য শোকজ নোটিশ প্রদান করেছে বলে বাদী কলেজ পক্ষের আইনজীবী সূত্রে জানা গেছে।

গত সোমবার হাইকোর্ট ২০১৪ সালের ১১ নভেম্বর ১৬৮০/১৮ নং আদেশ মোতাবেক জেলা প্রশাসক জমির চার মালিককে তাদের জমির পজিশন বুঝিয়ে দেন। এ সময় উপস্থিত ছিলেন, পাবনা জেলা প্রশাসকের পক্ষে উপজেলা নির্বাহী অফিসার শাকিল মাহমুদ ও জেলার নির্বাহী ম্যাজিস্ট্রেট বিপুল কুমার, সহকারী কমিশনার (ভূমি) শিমুল আক্তার, ঈশ্বরদী থানার ওসি আব্দুল হাই তালুকদার, পাবনা র‍্যাব-১২ এবং পাবনা পুলিশ লাইনের বিপুল সংখ্যক রিজার্ভ পুলিশ এবং স্থানীয় জনসাধারণ।

## শিক্ষার্থীদের কলেজ বন্ধের ঘোষণা

এদিকে ঈশ্বরদী সরকারি কলেজের দখলে থাকা জমি ব্যক্তি মালিকদের দখল বুঝিয়ে দেয়ার ঘটনার প্রতিবাদে মঙ্গলবার ঈশ্বরদী সরকারি কলেজের শিক্ষার্থীরা বিক্ষোভ প্রদর্শন, মানববন্ধন এবং কলেজের সামনের সড়ক দুপুর পর্যন্ত অবরোধ করে রাখে। এ সময় শিক্ষার্থীরা জমি উদ্ধার না হওয়া পর্যন্ত এ আন্দোলন অব্যাহত ও অনির্দিষ্টকালের জন্য ক্লাশ বর্জন এবং কলেজের সকল কর্যক্রম বন্ধ থাকবে বলে ঘোষণা দিয়েছে। কর্মসূচি চলাকালে সড়কের উভয় পাশে টায়ার জ্বালিয়ে অবরোধ করে রাখে। দখল বুঝিয়ে দেয়ার সময় যেসব সীমানা পিলার এবং মালিকানার সাইনবোর্ড লাগানো হয়েছিল সেগুলো গায়েব হয়ে গেছে।

কর্মসূচি চলাকালে শিক্ষার্থীরা জেলা প্রশাসক, ইউএনও ও ওসির বিরুদ্ধে বিভিন্ন স্লোগান দেয়। খবর পেয়ে ঈশ্বরদী থানা পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হলেও পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পারেনি। আন্দোলন কর্মসূচি চলাকালে সেখানে উপস্থিত হয়ে আন্দোলনরত শিক্ষার্থীদের সাথে একাত্মতা প্রকাশ করে বক্তব্য রাখেন সাবেক ছাত্রনেতা ও পৌর মেয়র আবুল কালাম আজাদ মিন্টু। তিনি বলেন, কলেজের সামনের এই জমি কলেজের প্রাণ। কোনভাবেই এই জমি বেদখল মেনে নেওয়া যায় না। জন্মের পর থেকে দেখছি এই সম্পত্তি কলেজের অধীনে। হঠাৎ করেই এই সম্পত্তির দখল অন্যজনকে বুঝিয়ে দেওয়ার ঘটনার প্রতিবাদ জানান তিনি।

মানববন্ধনে ঈশ্বরদী সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আনোয়ার হোসেন সনেটের সভাপতিত্বে ও যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল হাসান রনির পরিচালনায় বক্তব্য রাখেন, ঈশ্বরদী সরকারি কলেজের সাবেক ভিপি ইমরুল কায়েস দারা, যুবলীগ নেতা আলাউদ্দীন বিপ্লব ও অনার্স প্রথম বর্ষের শিক্ষার্থী ফেরদৌসী আলিম অনি প্রমুখ।